

**১ম প্রান্তিক মূল্যায়ন – ২০২৪ খ্রি.**  
**১০১ নং দিগনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়**  
**ক্লাস্টারঃ দিগনগর , মুকসুদপুর, গোপালগঞ্জ ।**  
**শ্রেণিঃ ৪র্থ**  
**বিষয়ঃ বাংলা**

সময়ঃ ২:৩০ ঘন্টা

পূর্ণমানঃ ১০০

নিচের অনুচ্ছেদটি পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর লিখ ।

ষড়ঋতুর দেশ বাংলাদেশ। প্রতি দুমাসে হয় একটি ঋতু। যেমন বৈশাখ ও জৈষ্ঠ মাস হলো গ্রীষ্মকাল। এরপর আষাঢ় ও শ্রাবণ মিলে বর্ষাকাল। এভাবে ভাদ্র ও আশ্বিন মিলে শরৎকাল। তারপরে কার্তিক ও অগ্রহায়ণ মাস দুটি নিয়ে হেমন্তকাল। পৌষ আর মাঘ মাস হলো শীতকাল। ফাল্গুন ও চৈত্র এ দুমাস হলো বসন্তকাল। পৃথিবীর সব দেশে কিন্তু দুমাসে একটি ঋতু হয় না। অনেক দেশে দুটি কি তিনটি ঋতু দেখা যায়। আমাদের প্রতিটি ঋতুতে প্রকৃতির রয়েছে নতুন নতুন সাজ। গ্রীষ্মকালে মধুর মতো মিষ্টি নানা ফল পাওয়া যায়। আম, জাম, কাঁঠাল, আনারস ও লিচু প্রচুর পরিমাণে পাওয়া যায়।

১। নিচের শব্দগুলোর অর্থ লেখ(৫টি): (১×৫)=৫

ইলশেগুঁড়ি, মুষলধারে, বর্ষাকাল, অসহ্য, বিচিত্র, নবান্ন।

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখঃ ২+৪+৪=১০

ক) বাংলাদেশে কয়টি ঋতু ও কী কী ?

খ) কোন কোন মাস মিলে বর্ষাকাল ? এ ঋতুর বর্ণনা দাও ।

গ) কোন কোন মাস মিলে গ্রীষ্মকাল ? এ সময় কী কী ফল পাওয়া যায় ?

প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাওঃ

১৯২০ সালের ১৭ই মার্চ। দিনটি ছিল বুধবার। গোপালগঞ্জ জেলার টুঙ্কিপাড়া। সেই গ্রামের শেখ পরিবারে জন্ম হলো একটি শিশুর। বাবা শেখ লুৎফর রহমান আদর করে শিশুর নাম রাখলেন খোকা। খোকা খুব আদরের নাম। বাংলার প্রায় সব ঘরেই প্রথম পুত্র সন্তানের নাম রাখা হয় খোকা ।

৩। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেয়া হলো । উপযুক্ত শব্দটি বসিয়ে (১×৫)=৫

শূন্যস্থান পূরণ করঃ

শব্দ	শব্দার্থ
আবদার	বায়না
নিবিড়	সুচারুভাবে
মুগ্ধ	বিমোহিত
উদারতা	সরলতা
হতাশ	কোন কিছু না পাওয়ার আক্ষেপ

ক) ছেলের ..... শূনে মা হতবাক হয়ে গেলেন ।

খ) সামান্য কারণেই..... হওয়া ঠিক নয় ।

গ) বন্ধুর সাথে সম্পর্ক ..... হওয়াই ভালো।

ঘ) আমি নাটকটি দেখে..... হয়েছি ।

ঙ) ..... মানুষকে মহান করে।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ (৫×৩)=১৫

ক) বঙ্কিবন্ধু কত সালে জন্মগ্রহণ করেন ?

খ) বঙ্কিবন্ধু কোথায় জন্মগ্রহণ করেন ? তাঁর পিতার নাম কী ?

গ) বঙ্কিবন্ধু সম্পর্কে তিনটি বাক্য লেখ।

৫। বিপরীত শব্দ লেখ (৫টি) : (১×৫)=৫

মুক্তি, সাহস, ভেজা, বন্ধু, গরিব, নিচে, গরম।

৬। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখঃ ৫

আমি আজ স্কুলে যেতে পারবো না আমার ছোট বোনটার খুব অসুখতাই সে একটা চিঠি তার ক্লাসের বন্ধু শেখরকে অন্যটা তার ক্লাসের স্যারকে লিখল তুমি লতিফ স্যারকে চিঠিটা দিবে আর আমার বিপদের কথা বলবে

৭। নিচের যেকোনো ৫টি যুক্তবর্ণ বিভাজন কর এবং প্রতিটি যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ দ্বারা একটি করে বাক্য তৈরি করঃ ক্ল, দ্র, ক্ষ, গ্ত, জ্ঞ, স্ত, ন্ম । (২×৫)=১০

৮। এক কথায় প্রকাশ কর (৫টি) : (১×৫)=৫

ক) নদী মাতা যার।

খ) বেশি কথা বলে যে।

গ) মেধা আছে যার।

ঘ) অনেকের মধ্যে এক।

ঙ) আকাশে যে চরে।

চ) মহান যে নারী।

৯। ক্রিয়া পদের চলিত রূপ লেখ(৫টি) : (১×৫)=৫

আসিতেছে, গাহিব, উড়াইব, বলিলেন, হইল, দেখিলেন।

১০। নিচের কবিতাংশটি পড়ে উত্তর লেখঃ ২+৫+৩=

মুজিব মানে আর কিছু না,

মুজিব মানে মুক্তি।

পিতার সাথে সন্তানের

না লেখা প্রেম চুক্তি।

মুজিব মানে আর কিছু না,

মুজিব মানে শক্তি।

উন্নত শীর বীর বাঙালির

চিরকালের ভক্তি।

ক) কবিতাংশটি কোন কবিতার অংশ? কবির নাম কী ?

খ) মুজিব কে ছিলেন ?

গ) “মুজিব মানে মুক্তি” দ্বারা কবি কী বুঝিয়েছেন ?

- ১১। মনে কর, তুমি সুমন/সুমনা। তুমি ফুলকুমারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির শিক্ষার্থী। তোমার শ্রেণি রোল ২। তুমি বিদ্যালয়ের পাঠাগার থেকে বই নিতে চাও। তাই প্রয়োজনীয় তথ্য দিয়ে নিচের ফরমটি পূরণ করঃ

৫

ছাড়পত্রের ফরম

- ১। নামঃ.....  
২। বিদ্যালয়ের নামঃ.....  
৩। শ্রেণি.....  
৪। রোলঃ.....  
৫। বই গ্রহণের তারিখঃ.....  
৬। বই ফেরত দেওয়ার তারিখঃ.....  
শিক্ষার্থীর স্বাক্ষর.....

- ১২। মনে কর তোমার নাম সাক্ষির/সাবিনা। তোমার বোনের বিবাহ উপলক্ষ্যে তিন দিনের ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটা দরখাস্ত লেখ।

১০

- ১৩। ২০০ শব্দের মধ্যে নিচের যেকোনো একটি বিষয় অবলম্বনে রচনা লেখঃ

১০

ক) বাংলাদেশের প্রকৃতি ।

সংকেতঃ ভূমিকা, বাংলার প্রকৃতি, বাংলার অনন্য রূপ বৈচিত্র, উপসংহার ।

খ) বাংলার খোকা ।

সংকেতঃ ভূমিকা, জন্ম, শিক্ষা, সংগ্রামী জীবন, উপসংহার ।

গ) আমাদের বিদ্যালয়।

সংকেতঃ ভূমিকা, বিদ্যালয়ের অবস্থান, ছাত্র-ছাত্রী ও শিক্ষক,

খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, ফলাফল, উপসংহার ।